দৈনিক সংবাদ

তারিখ 18 SEP 1989
পৃষ্ঠা ২ কলাম ৭

# শিক্ষা দিবস পালিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

বিভিন্ন ছাত্র সংগঠন গতকাল 'শিক্ষা দিবস' পালন করেছে। ছাত্র সংগঠনগুলোর পক্ষ থেকে গতকাল কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এছাড়া সমাবেশ ও আলোচনা সভার আয়োজন করা হয়েছিল।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, জাতীয় ছাত্রলীগ, বাংলাদেশ ছাত্রলীগ, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টসহ অন্যান্য ছাত্র সংগঠন কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শিক্ষা আন্দোলনের শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে।

জাতীয় ছাত্রলীগ, সমাজ-

(শেষ পৃ: ৭-এর ক: দেখুন)

## শিক্ষা দিবস পালিত

(১ম পাতার পর)

তান্ত্রিক ছাত্র ফ্রন্ট, বাংলাদেশ ছাত্র ঐক্য সমিতি, জাতীয় ছাত্র ফ্রন্ট, বাংলাদেশ ছাত্রলীগ(শা-শে), বাংলাদেশ ছাত্র কেন্দ্র, জাতীয় ছাত্রদল, বিপ্লবী ছাত্রধারা গতকাল 'শিক্ষা দিবস' উপলক্ষে আলোচনা সভার আয়োজন করে।

খুলনা থেকে জেলা বার্তা পরিবেশক জানান, শিক্ষা দিবস উপলক্ষে জেলায় ছাত্র লীগ (মু-না) ছাত্র ইউনিয়ন ও ছাত্র মৈত্রীর উদ্যোগে পৃথক পৃথক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিকেলে খুলনা পৌর মিলনায়তনে গোলাম মোস্তফার সভাপতিত্বে ছাত্র মৈত্রীর আলোচনা সভায় বক্তব্য রাখেন সিরাজুম মুনির প্রমুখ।